

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২১১২

২৭/ ফারাইয (اکتاب الفرائض عن رسول الله کتاب الفرائض عن رسول الله পরিচ্ছেদঃ ২০. যে ব্যক্তি কারো হাতে মুসলিম হয় তার মীরাস প্রসঙ্গে

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْب، حَدَّثَنَا أَبُو أُسَامَة، وَابْنُ، نُمَيْرٍ وَوَكِيعٌ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ عُمَرَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ مَوْهَب، عَنْ تَمِيمٍ الْعَزِيزِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ وَهْب، عَنْ تَمِيمٍ اللَّهَ عِلْمَ الله عليه وسلم مَا السُّنَةُ فِي الرَّجُلِ مِنْ أَهْلِ الشَّرْكِ يُسْلِمُ عَلَى يَدَىْ رَجُلِ مِنَ الْمُسْلِمِينَ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " هُوَ الشَّرِكُ يُسْلِمُ عَلَى يَدَىْ رَجُلِ مِنَ الْمُسْلِمِينَ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " هُو الشَّرْكِ يُسْلِمُ عَلَى يَدَىْ رَجُلِ مِنَ الْمُسْلِمِينَ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " هُو أَوْلَى النَّاسِ بِمَحْيَاهُ وَمَمَاتِهِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَديث عَبْدِ اللَّهِ بْنِ وَهْب وَيُقَالُ ابْنُ مَوْهَب عَنْ تَمِيمٍ الدَّارِيِّ . وَقَدْ أَدْخَلَ بَعْضُهُمْ بَيْنَ عَبْدِ اللَّهِ بْنِ وَهْب وَيُقَالُ ابْنُ مَوْهَب عَنْ تَمِيمٍ الدَّارِيِّ . وَقَدْ أَدْخَلَ بَعْضُهُمْ بَيْنَ عَبْدِ اللَّهِ بْنِ وَهْب وَيُقِنَلُ الْبُنُ مَوْهَب عَنْ تَمِيمٍ الدَّارِيِّ قَبِيصَةً بْنَ ذُوَيْب وَلاَ يَصِحِ ثُ رَوَاهُ يَحْيَى بْنُ حَمْزَةَ عَنْ عَبْدِ اللّه عَلَى هَذَا الْعَزِيزِ بْنِ عُمَرَ وَزَادَ فِيهِ قَبِيصَةً بْنَ ذُويْب وَهُو عِنْدي لَيْسَ بِمُتَّصِل . وَالْعَمَلُ عَلَى هَذَا الْعَزِيزِ بْنِ عُمَرَ وَزَادَ فِيهِ قَبِيصَة بْنَ ذُويْب وَهُو عِنْدي لَيْسَ بِمُتَّصِل . وَالْعَمَلُ عَلَى هَذَا الْحَدِيثِ عِنْدَ بَعْضِ أَهْلُ الْعِلْمِ وَقَالَ بَعْضُهُمْ مُ يُجْعَلُ مِيرَاثُهُ فِي بَيْتِ الْمَالِ وَهُوَ قُولُ الشَّافِعِيِّ وَاحْتَجَّ بِحَدِيثِ النَّه عليه وسلم " أَنَّ الْوَلاَءَ لِمَنْ أَعْتَقَ " .

বাংলা

২১১২। তামীমুদ দারী (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে প্রশ্ন করলাম, কোন মুসলিম লোকের হাতে কোন মুশরিক লোক ইসলাম কুবুল করলে তার কি বিধান রয়েছে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সে (মুসলিম লোকটি) তার (নও-মুসলিমের) জীবনে-মরণে অন্যস্ব মানুষের চেয়ে বেশি প্রাধান্য পাবে।

হাসান সহীহঃ ইবনু মা-জাহ (২৭৫২)

আবৃ ঈসা বলেন, আমরা শুধুমাত্র আবদুল্লাহ ইবনু ওয়াহবের সূত্রেই এ হাদীসটি জেনেছি। আবার কেউ তা বর্ণনা করেছেন ইবনু মাওহিব হতে, তিনি তামীমুদ দারী (রাঃ)-এর সূত্রে। এই হাদীসের সনদে আবদুল্লাহ ইবনু ওয়াহব ও তামীমুদ দারী (রাঃ)-এর মাঝখানে কোন কোন বর্ণনাকারী কাবীসা ইবনু যুআইব (রাহঃ)-কে অন্তর্ভুক্ত করেছেন। কিন্তু তা সঠিক নয়। আব্দুল আযীয ইবনু উমারের সূত্রে ইয়াহইয়া ইবনু হামযা এ হাদীসটি বর্ণনা করেছেন এবং



তাতে কাবীসা ইবনু যুআইবের নাম অন্তর্ভুক্ত করেছেন। আমি মনে করি এ হাদীসের সনদ মুক্তাসিল নয়।

এ হাদীস অনুযায়ী একদল অভিজ্ঞ আলিম আমল করেছেন। তাদের মতে, যার হাতে সে লোকটি মুসলিম হয়েছে সে তার উত্তরাধিকারী হবে। বিশেষজ্ঞদের অন্য আরেক দল বলেছেন, তার মারা যাওয়ার পর তার রেখে যাওয়া সম্পত্তি বাইতুল মালে জমা করা হবে। ইমাম শাফিঈর এই অভিমত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামের এই হাদীসটি তার দলীলঃ "যে লোক গোলাম মুক্ত করে সে-ই 'ওয়ালার স্বত্বাধিকারী হবে'।

English

Abudullah bin Mawhab - and some of them said- 'Abdullah bin Wahb, narrated from Tamim Ad-Dari who said:

'I asked the Messenger of Allah(S.A.W): What is the Sunnah regarding a man among the people of the Shirk who accepts Islam at the hand of a man among the Muslims?' So the Messenger of Allah(S.A.W) said: "He is the closet of the people to him in his life and in his death.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ তামীম আদ্ দারী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন